# হুগো বস

## হুগো বস সরবরাহকারী আচরণবিধি / হুগো বস সামাজিক মাণদন্ড

### সুচনা

হুগো বস (HUGO BOSS) সরবরাহকারী আচরণবিধিটিতে ব্যবসায়িক নৈতিকতা, মানবাধিকার, শ্রম ও সামাজিক মাণদন্ডসমূহ সেইসাথে পরিবেশগত মাণদন্ড সম্পর্কিত সার্বিক মাণদন্ডসমূহের প্রতিপালন ও মেনে চলার বিষয়ে বর্ণিত হয়েছে। জাতিসংঘের (ইউ.এন.) মানবাধিকারের সার্বজনীন ঘোষনা, ব্যবসা ও মানবাধিকার সম্পর্কিত জাতিসংঘের গাইডিং নীতিসমূহ, আন্তঃর্জাতিক শ্রম সংস্থার (আই.এল.ও.) মূল কনভেনশনসমূহ এবং বহুজাতিক উদ্যোগের জন্য অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা (ও.ই.সি.ডি.) -এর উপর ভিত্তি করে চাহিদাসমূহ বিধৃত হয়েছে। এছাড়াও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত জাতিসংঘ ফ্রেমওয়ার্ক কনভেনশন (ইউ.এন.এফ.সি.সি.সি.) এর অধীন জলবায়ু কর্মের জন্য ফ্যাশন ইন্ডাস্ট্রি চার্টার নীতিমালাসমূহকে বিবেচনায় নেয়া হয়েছে। স্পেসিফিকেশনসমূহকে হুগো বস (HUGO BOSS)-এর সকল সরবরাহকারী এবং তাদের কর্মীদের মৌলিক অধিকার ও বাধ্যবাধকতা হিসাবে বিবেচনা করতে হবে। সরবরাহকারীগণ স্বীয় প্রযোজ্য জাতীয় আইন এবং হুগো বস (HUGO BOSS)-এর প্রণীত চাহিদাসমূহ থেকে উদ্ভূত অধিকার ও বাধ্যবাধকতাসমূহ তাদের কর্মীদেরকে যথাযথভাবে অবহিত করতে বাধ্য থাকবেন।

হুগো বস (HUGO BOSS) সরবরাহকারী আচরণবিধিটি কমপ্লায়েন্স মাণদন্ডের ভিত্তি তৈরী করা হয়েছে যা হুগো বস (HUGO BOSS) সরবরাহকারীগণ প্রতিপালন করবেন বলে তাদের কাছে প্রত্যাশিত। হুগো বসের দৃষ্টিকোণ থেকে ক্রয়কারী দেশের আইনের অপর্যাপ্ততার পরিস্থিতিতে প্রয়োজনে, হুগো বস (HUGO BOSS) কর্তৃক প্রণীত চাহিদাসমূহ ন্যুনতম মাণদন্ড হিসাবে বিবেচ্য হবে। **যদি কোন দেশের আইনের প্রবিধান হুগো বসের মাণদন্ডের লক্ষ্যের অনুরূপ হয়, তবে যে প্রবিধান শ্রমিক ও পরিবেশের স্বার্থকে সর্বোচ্চ সুরক্ষিত করবে তাহাই প্রযোজ্য হবে।** হুগো বস (HUGO BOSS) নিয়মিত বিরতিতে চাহিদাসমূহ যাচাই ও অভিযোজনের অধিকার সংরক্ষণ করে। স্বতন্ত্র ক্ষেত্রে হুগো বস (HUGO BOSS) নির্ধারণ করবে কোন পন্থায় যাচাইকরণ করা হবে। যদি মাণদন্ড মেনে চলা না হয়, স্বতন্ত্র ঘটনার সকল পরিস্থিতি ও লংঘনের তীব্রতা বিবেচনায় নিয়ে, হুগো বস (HUGO BOSS) নিষেধাজ্ঞা প্রদানের অধিকার সংরক্ষণ করে। সকল চাহিদাসমূহ ব্যবসায়িক সম্পর্কের মৌলিক চুক্তিগত উপাদান হিসাবে বিবেচনা করতে হবে। বারংবার লংঘনের ঘটনার ক্ষেত্রে, হুগো বস (HUGO BOSS) ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করার অধিকার সংরক্ষণ করে।

### ১. আইন ও ব্যবসায়িক নৈতিকতার সাথে প্রতিপালন

হুগো বস (HUGO BOSS) প্রত্যাশা করে ইহার সকল সরবরাহকারীগণ যার যার জাতীয় আইন এবং আন্তঃর্জাতিকভাবে স্বীকৃত মাণদন্ডসমূহ প্রতিপালন করবে। যে কোন প্রকার জালিয়াতি, দুর্নীতি এবং যে কোন ধরনের অন্যায্য সুবিধা প্রদান নিষিদ্ধ। হুগো বস (HUGO BOSS) আরও প্রত্যাশা করে ইহার সকল সরবরাহকারীগণ প্রতিযোগিতা, মানি লন্ডারিং, নিষেধাজ্ঞা ও কর প্রদান এবং তাদের নিজস্ব সরবরাহকারীর বাধ্যবাধকতা বিষয়ক প্রযোজ্য প্রবিধান অনুরূপভাবে মেনে চলবে। ব্যবসায়িক সিদ্ধান্তসমূহ উদ্দেশ্যমূলকভাবে গ্রহণ করবে এবং বিষয়গত স্বার্থ দ্বারা তা অবশ্যই ছায়াচ্ছন্ন করা যাবে না। এছাড়াও, সরবরাহকারীগণ তাদেরকে প্রদত্ত সকল তথ্য, উপাত্ত ও বানিজ্যিক গোপনীয়তা সকল পরিস্থিতিতে রক্ষা করতে হবে বাধ্য থাকবেন এবং সরবরাহকারী সম্পর্ক শেষ হওয়ার সাথে সাথে সেসব ফেরৎ দিবেন বা মুছে ফেলবেন।

### ২. মানবাধিকারসমুহ ও শ্রম মাণদন্ডসমূহ

মানবাধিকারসমূহ ও মৌলিক স্বাধীনতা রক্ষা করা হুগো বসের সর্বপ্রথম অগ্রাধিকার। সকল সরবরাহকারীর কাছে প্রত্যাশা যে তারা তাদের নিজস্ব প্রভাব বলয়ের মধ্যে ব্যবসার সকল কার্যক্রম সংশ্লিষ্ট আন্তঃর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারসমূহ মেনে চলবে। হুগো বস (HUGO BOSS) কোনরূপ লংঘন বরদাস্ত করে না। সরবরাহকারী একটি বেনামী অভিযোগ প্রক্রিয়া প্রতিষ্ঠার জন্য দায়ী থাকবে, যা ইহার কর্মীদেরকে লংঘনসমূহের বিষয়ে প্রতিবেদন দিতে সহায়ক হবে। এছাড়াও সরবরাহকারীর কর্মীগণ হুইসেল ব্লোয়ার সিস্টেমে স্বাধীনভাবে ও বিনামূল্যে মুক্তভাবে হুগো বস (HUGO BOSS)কে যে কোন তথ্য জানাতে পারবে।

## শিশুশ্রম

হুগো বস (HUGO BOSS) সকল প্রকার শিশুশ্রমকে কঠোরভাবে প্রত্যাখ্যান করে। সুতরাং সরবরাহকারী কর্তৃক শিশুশ্রম ব্যবহার দৃঢ়ভাবে নিষিদ্ধ। শিশুশ্রমের সংজ্ঞা আই.এল.ও.-এর বিশ্বব্যাপী স্বীকৃত মাণদন্ডের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। চাকুরী গ্রহনের সর্বনিম্ন বয়স হল ১৫ বছর। নীতিগতভাবে, আইনগত বাধ্যতামূলক শিক্ষা সমাপ্তির আগে চাকুরী গ্রহণ করা আবশ্যক নয়। যদি ১৮ বছরের আগে চাকুরী গ্রহণ করে থাকে, তরুণ শ্রমিককে রক্ষার জন্য নির্দিষ্ট চাহিদাসমূহ পূরণ করতে হবে। এসব আন্তঃর্জাতিক মাণদন্ডসমূহ এবং হুগো বসের শিশুশ্রম ও বলপূর্বক শ্রম পলিসির উপর ভিত্তি করে হতে হবে।

## বলপূর্বক শ্রম ও আধুনিক দাসত্ব

সকল কর্মী যারা হুগো বসের সরবরাহকারীর জন্য কাজ করছে তারা অবশ্যই ইচ্ছা মাফিক কর্সংস্থানের পন্থা ও উপায় অনুসরণ করবে এবং আইনগত ও উপযুক্ত নোটিশ পিরিয়ড প্রদান করে চাকুরীর অবসান করবে। সরবরাহকারীদেরকে অনুরোধ করা হচ্ছে কোন পরিস্থিতিতেই যেন তারা বলপূর্বক শ্রমিক, দায়বদ্ধ, ক্রীতদাস, বন্দী বা অন্যান্য নির্ভরশীল কর্মীদের করবে না এবং এভাবে আধুনিক দাসত্বের বিরোধিতা করবে। আইনগত নোটিশ পিরিয়ড প্রদান সাপেক্ষে কর্মীদের অধিকার থাকবে কর্মেক্ষেত্র ত্যাগ করার এবং কর্মসংস্থান সম্পর্কচ্ছেদ করার। শ্রমিকদের সবসময় অবাধে চলাচলের অনুমতি দিতে হবে। নিয়োগকারীগণের আমানত, পরিচয়দানকারী ডকুমেন্ট বা অনুরূপ কিছু জমা রাখার অনুমতি নেই। যদি নিয়োগের জন্য তৃতীয় পক্ষ ব্যবহার করা হয়, তবে সরবরাহকারী যাচাইয়ের জন্য দায়ী থাকবে যে আইনগত চাহিদাসমূহ এবং হুগো বস (HUGO BOSS) কর্তৃক আরোপিত চাহিদাসমূহ তারা মেনে চলছে কি না। তৃতীয় পক্ষের কমিশনের জন্য কোন ব্যয় কোন পরিস্থিতিতেই কর্মীর উপর বর্তাবে না।

## বৈষম্য

সকল কর্মীদের সাথে অবশ্যই সম আচরণ করতে হবে এবং বাছাই প্রক্রিয়ার সময় ও কর্মসংস্থানের পুরোসময় জুড়ে সমান সুযোগ ভোগ করবে। বংশোদ্ভূত, উৎস, জাতীয়তা, চামড়ার বর্ণ, লিঙ্গ, ধর্ম, আদর্শ, কর্মী সংগঠণের সদস্যপদ, রাজনৈতিক মতাদর্শ, যৌনমূখীতা, বয়স, বৈবাহিক অবস্থা, গর্ভাবস্থা, প্রতিবন্ধিতা, অসুস্থতা বা অন্য কোন ব্যক্তিগত বৈশিষ্ঠ্যের ভিত্তিতে কোনরূপ বৈষম্য অবশ্যই পরিহার করতে হবে।

## মানবিক কাজের অবস্থা

কর্মীদের মর্যাদা, গোপনীয়তা এবং ব্যক্তিগত অধিকারসমূহকে সম্মান করতে হবে। শারীরিক, মানসিক, যৌন বা মৌখিক হয়রাানী সেইসাথে শাস্তি, আঘাত করা, গালিগালাজ বা ভীতিপ্রদ আচরণ নিষিদ্ধ। শাস্তিমূলক ব্যবস্থার সকল ক্ষেত্রে কেবলমাত্র সেগুলোই অনুমোদিত যা আইনের প্রবিধানের মধ্যে বা হুগো বস (HUGO BOSS) কর্তৃক আরোপিত প্রবিধানের মধ্যে করা হয় এবং তা অবশ্যই ঘটনার সাথে সামঞ্জস্য হতে হবে।

## পারিশ্রমিক

কর্মীদেরকে কমপক্ষে মাসিক ভিত্তিতে তাদের পছন্দমত নগদে বা ভিন্নভাবে যথাযথ পারিশ্রমিক প্রদান করতে হবে। এছাড়াও কর্মীকে লিখিতভাবে কর্মসংস্থান চুক্তির সম্মতিকৃত শর্তাবলী ও পে স্লিপের মাধ্যমে অবহিত করতে হবে। সরবরাহকারী এমনভাবে কাজের মজুরী প্রদান করবে যেন কর্মীর প্রাথমিক চাহিদা পুরণ হয় এবং একটি নির্দিষ্ট অংশ উদ্ধৃত থাকে। ব্যবসায়িক অংশীদারগন কমপক্ষে আইনগত ন্যুনতম মজুরী বা, যদি অধিক হয়, সংশ্লিষ্ট শিল্পের মাণদন্ড অনুযায়ী মজুরী প্রদান করতে বাধ্য। যদি সরবরাহকারী উচ্চতর মজুরী প্রদানে অসামর্থ্য হয় তবে তা অবিলম্বে এবং তার ন্যায় সঙ্গত কারণসহ হুগো বস (HUGO BOSS)কে জানাতে হবে। এটা প্রত্যাশিত যে, সরবরাহকারী মজুরী সমন্বয়ের জন্য হুগো বসের সাথে কাজ করার জন্য উদ্বুদ্ধ হবে। এছাড়া, এটাও প্রত্যাশিত যে, সকল সরবরাহকারী স্বাস্থ্য ও সামাজিক কল্যাণ ব্যবস্থার জাতীয় বিধান পর্যবেক্ষণ করবে ও মেনে চলবে।

উপরন্তু, সকল আইনগত ও অন্যান্য প্রযোজ্য চাহিদাসমূহ (যেমন যৌথ দরকষাকষি চুক্তিসমূহ) অবশ্যই বিশেষ সুবিধার ক্ষেত্রে বিবেচনা করতে হবে। অধিককাল মজুরী অবশ্যই অধিক হারে প্রদান করতে হবে অথবা, যদি আইন দ্বারা অনুমোদিত হয়, তার পরিবর্তে বন্ধ দিতে হবে। সরবরাহকারীগন শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে মজুরী কর্তন করতে পারবে না। যদি জাতীয় আইনে প্রবিধান থাকে, কর্মীর বিরুদ্ধে যদি পূর্বেই আর্থিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে, যা কর্মীর অনিচ্ছাকৃত অতিরিক্ততা অনুমোদন করে কেবলমাত্র তখনই প্রকৃত ঘটনা বিবেচনা করে সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। সরবরাহকারী প্রক্রিয়ার পদক্ষেপগুলি নথিভূক্ত করার জন্য দায়িত্ববান থাকবেন ।

## কর্মঘন্টা

বিরতির সময়সহ কর্মঘন্টা, সরকারী ছুটি ও অবকাশ সম্পর্কিত নিজস্ব জাতীয় প্রবিধানসমূহ অবশ্যই মেনে চলতে হবে। যদি জাতীয় প্রবিধান না থাকে বা যদি আই.এল.ও.-র প্রবিধানসমূহ থেকে কম হয়, তবে সাধারণ সাপ্তাহিক কর্মঘন্টা অবশ্যই ৪৮ ঘন্টার অধিক হবে না। অনুমোদিত অধিককাল কাজের সময়সহ মোট সাপ্তাহিক কর্মঘন্টা ৬০ ঘন্টার অধিক হবে না। অধিককাল কাজ কেবলমাত্র তখনই অনুমোদনযোগ্য যদি তা স্বেচ্ছায় হয় অথবা যদি আইন বা প্রযোজ্য সমষ্টিগত চুক্তির (যেমন যৌথ দরকষাকষি চুক্তি) দ্বারা নিয়ন্ত্রিত হয় এবং অবশ্যই সেই অনুযায়ী পারিশ্রমিক প্রদান করা হয়। একাধারে ছয়দিন কাজ করার পর কর্মীকে অবশ্যই কমপক্ষে ২৪ ঘন্টা বিরতি দিতে হবে। এছাড়াও, প্রত্যেক কর্মী আইনগত ন্যুনতম ছুটি পাইবার অধিকারী হবে।

## পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা

কর্ম চলাকালীন সময়ে সরবরাহকারীকে তাহার কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তার নিশ্চয়তা দিতে হবে এবং দুর্ঘটনা ও পেশাগত অসুস্থতার বিরুদ্ধে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। সরবরাহকারী নিশ্চিত করবে যে, কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তার সম্ভাব্য ঝুঁকিসমূহ চিহ্নিত, মূল্যায়ন, এড়ানো ও মোকাবেলা করার ব্যবস্থা বিদ্যমান আছে। জাতীয় নির্দেশনাসমূহ অবশ্যই মেনে চলতে হবে এবং নিশ্চয়তা দিতে হবে। যদি হুগো বস (HUGO BOSS) এসব নির্দেশনাকে নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিত করার জন্য অপর্যাপ্ত মনে করে, তবে হুগো বস (HUGO BOSS) আন্তঃর্জাতিক শ্রম মাণদন্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ নিজস্ব নির্দেশনাসমূহ প্রয়োগের অধিকার সংরক্ষণ করে। এখানে যে চাহিদাসমূহ নির্ধারণ করা হয়েছে তা অন্যান্য সকল বাড়তি স্থাপনাসমূহ যেমন কর্মীদের প্রদত্ত বাসস্থান -এর জন্যেও প্রযোজ্য হবে।

## সংগঠণের স্বাধীনতা এবং যৌথ দরকষাকষি

সরবরাহকারীদের অনুরোধ করা যাচ্ছে সকল কর্মীদেরকে তাদের নিজ ইচ্ছামাফিক কর্মীদের জন্য সংগঠণ তৈরী করার জন্য অথবা কর্মী সংগঠণে যোগদান করার জন্য অনুমোদন দিবে। কর্মীরা বাধাহীনভাবে আলোচনা করতে পারবে বিশেষ করে কাজের অবস্থা ও মজুরী সম্পর্কে এবং অবাধে দরাদরি করতে পারবে। যারা এই অধিকার চাইবে, সরবরাহকারী অবশ্যই বৈষম্য, হয়রানী, ভয় দেখানো, নোটিস প্রদান বা অন্যভাবে কর্মীদের ক্ষতিগ্রস্থ করতে পারবে না।

## ৩. পরিবেশগত অনুষঙ্গসমূহ

হুগো বস (HUGO BOSS) তার সরবরাহকারীদের তাদের ব্যবসায়িক কর্মকান্ডের কারণে ঘটিত পরিবেশগত প্রভাবসমূহ কমানোর জন্য অবিচ্ছিন্নভাবে কাজ করতে বলে। কমপক্ষে উৎপাদনকারী দেশের পরিবেশ সংরক্ষণ আইন এবং প্রবিধানসমূহ অবশ্যই মেনে চলতে হবে। যতটা টেকসই ও দক্ষতার সাথে সম্ভব প্রাকৃতিক উৎসসমূহ অবশ্যই সংরক্ষণ করতে হবে। সেটা করতে গিয়ে মানুষ ও পরিবেশ সংরক্ষণকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। সরবরাহকারী একটি পরিবেশগত ম্যাজেমেন্ট সিস্টেম স্থাপণ করবে যা নির্দিষ্ট লক্ষ্যবস্তুর মাধ্যমে পরিবেশগত দায়বদ্ধতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

## শক্তির ব্যবহার এবং গ্রীনহাউস গ্যাসসমূহের নির্গমন

সরবরাহকারীগণকে সংশ্লিষ্ট সকল শক্তির উৎস সনাক্ত ও নিরীক্ষণ করতে হবে। সরবরাহকারীদের শক্তির খরচ এবং নির্গমন হ্রাস করার জন্য একটি প্রোগ্রাম স্থাপন করার প্রচেষ্টা করা উচিৎ। হুগো বস (HUGO BOSS) আশা করে ইহার সরবরাহকারীগণ শক্তির দক্ষতা ব্যবস্থা এবং নবায়নযোগ্য শক্তি ক্রমাগতভাবে অনুসরণ করতে প্রতিশ্রুতিবদ্ধ হবে।

## পানির ব্যবহার

সরবরাহকারীগণ তাদের পানির ব্যবহার নিরীক্ষণ করবে এবং যথাযথ কৌশল প্রয়োগের মাধ্যমে ইহা সীমিত করবে। ভূপৃষ্ঠ বা ভূগর্ভস্থ পানির উত্তোলন অবশ্যই কমপক্ষে জাতীয় বা স্থানীয় চাহিদাসমূহের সাথে সংগতিপূর্ণ হতে হবে। সরবরাহকারীগণ যাদের উৎপাদন প্রক্রিয়ায় পানির অত্যধিক ব্যবহার রয়েছে বিশেষত তাদের অনুরোধ করা হচ্ছে ক্রমাগতভাবে পানির ব্যবহার কমানোর জন্য।

## রাসায়নিক ও বর্জ্যপানির ব্যবস্থাপনা

যদি উৎপাদন প্রক্রিয়াসমূহে রাসায়নিক বা অন্যান্য উপাদান ব্যবহার করা হয় যা মানুষ বা পরিবেশের জন্য হুমকিস্বরূপ, তাহলে সরবরাহকারীগণের একটি বিপজ্জনক উপাদান ম্যানেজমেন্ট সিস্টেম নিশ্চিত করা উচিৎ যা নিয়ন্ত্রন করবে যে ঐসব কিভাবে ব্যবহার ও পরিচালনা এবং গুদামজাত ও পরিবহন করা হবে। জাতীয় প্রবিধানসমূহ অবশ্যই মেনে চলতে হবে। যদি বিকল্প

উপাদান ব্যবহার করা হয় যা পরিবেশ ও স্বাস্থ্যের জন্য কম ক্ষতিকর, সরবরাহকারীদের এসব ব্যবহারে উৎসাহিত করা হয়। রাসায়নিক ও অন্যান্য উপাদান ব্যবহারের মাধ্যমে সরবরাহকারীগণ প্রতিশ্রুতিবদ্ধ থাকবে বর্জ্য পানির প্রবাহ পর্যবেক্ষণ করতে এবং সম্ভাব্য দূষণ সনাক্ত করতে। এটি অবশ্যই আইনগত চাহিদাসমূহ অনুসারে করতে হবে। একটি নিয়মিত বিরতিতে পরীক্ষাসমূহ করতে হবে।

**বর্জ্য ব্যবস্থাপনা**

হুগো বাস ইহার সরবরাহকারীদের অনুরোধ করে ক্রমাগতভাবে বর্জ্য হ্রাস করতে এবং স্থানীয় আইনের চাহিদা মোতাবেক বর্জ্যসমূহ নিষ্পত্তি করতে। সরবরাহকারীগণ বর্জ্য এড়ানো বা হ্রাস এবং পূণঃব্যবহারের কৌশলসমূহ বিবেচনা করবে বলে আশা করা হয়।

**পরিবেশগত অন্যান্য অনুষঙ্গসমূহ**

সরবরাহকারীর অবস্থান ও নির্দিষ্ট উৎপাদন প্রক্রিয়ার উপর ভিত্তি করে উপরের তালিকাভুক্ত পরিবেশগত অনুষঙ্গসমূহ ছাড়াও জাতীয় ও স্থানীয় প্রবিধান মোতাবেক বায়ু নির্গমন, ভূমির ব্যবহার ব্যবস্থাপনা, জীববৈচিত্রের সংরক্ষণ, শব্দ, দুর্গন্ধ নির্গমন এবং অন্যান্য পরিবেশগত অনুষঙ্গমূহ প্রযোজ্য হতে পারে।

## ৪. বেসরকারী সংস্থাসমূহের সাথে সহযোগিতা

সামাজিক ও পরিবেশগত বিষয়সমূহ উন্নতির জন্য অংশীদারদের সহযোগিতার জন্য হুগো বস (HUGO BOSS) বিভিন্ন বেসরকারী সংস্থার সাথে কাজ করে থাকে। এরূপ অংশীদারত্বের অংশ হিসাবে, সম্ভাব্য যাচাইকরণের (যেমন অডিটসমূহ) অধিকার হস্তান্তরের অধিকার হুগো বস (HUGO BOSS) সংরক্ষণ করে, যা এইসব অংশীদারী সংস্থাগুলির সাথে চুক্তিবদ্ধ করা হয়েছে।

## ৫. চূড়ান্ত প্রবিধানসমূহ

এখানে যে মাণদন্ড ঘোষনা করা হয়েছে যা হুগো বস (HUGO BOSS) তরফ থেকে মেনে চলা হয় এবং হুগো বস (HUGO BOSS) ইহার সরবরাহকারীদের নিকট আশা করে তারাও মেনে চলবে এবং ইহার অংশীদারদের উপযুক্ত পন্থা যেমন ম্যানেজমেন্ট সিস্টেম, গাইডলাইন ও প্রক্রিয়ার স্পেসিফিকেশনের মাধ্যমে প্রয়োগ করতে উৎসাহিত করে। সরবরাহকারীর সকল কর্মীগনকে এখানে আলোচিত বিষয়সমূহের উপর পর্যাপ্ত ও নিয়মিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এছাড়াও সরবরাহকারীগণ তাদের উপরের পর্যায়ের সরবরাহকারীদের এবং অংশীদারদেরকে এই নিয়মসমূহ জানাতে এবং একটি উপযুক্ত পদ্ধতির মাধ্যমে যাচাই করতে বাধ্য থাকবে যে তারাও এসব প্রতিপালন করছে। সরবরাহকারী আচরণবিধি হালনাগাদ আছে কি না তা নিয়মিত বিরতিতে, কমপক্ষে বৎসরে একবার, যাচাই করার এবং যখন প্রযোজ্য সংশোধন করার ও পরিবর্তনসমূহ সরবরাহকারীদের জানানোর অধিকার হুগো বস (HUGO BOSS) সংরক্ষণ করে।

**ইহা ইংরেজীতে লিখিত মূল চুক্তির একটি বাংলা অনুবাদ। উভয় সংস্করণের মধ্যে কোন সংঘাত হলে, ইংরেজী সংস্করণ প্রাধান্য পাবে।**

এপ্রিল ২০২০